

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৭০৩.২০১১- ২৬৪০

তারিখ ১০ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
২৪ ডিসেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৭১১৬/২০১১ মামলার রায় হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-৪১৯/২০১৭ মোকদ্দমার ১৭.১০.২০১৭ তারিখের আদেশ।


সূত্র : তারিখঃ ১২-১২-২০১৭ খ্রিঃ, সহকারী রেজিস্ট্রার হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত কনটেম্পট পিটিশন নং-৪১৯/২০১৭ সংক্রান্ত আদেশের কপি।

এলজিইডির আওতায় উন্নয়ন প্রকল্পের চাকুরি রাজস্বখাতে আত্মীকরণের জন্য ৪(চার) জন কর্মচারী বাদী হয়ে হাইকোর্ট বিভাগে ৭১১৬/২০১১ নং রীট পিটিশন দায়ের করেন। উক্ত রীট পিটিশনে বিগত ০১-০৮-২০১২ খ্রিঃ তারিখে সরকারের বিপক্ষে রায় ঘোষিত হয়। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে আপীলেট ডিভিশনে সিভিল পিটিশন ফর লীভ-টু-আপীল নং-২০৭/২০১৫ দাখিল করা হলে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ গত ১৬-১১-২০১৫ খ্রিঃ তারিখে ৮৯৫ দিনের তামাদি জনিত কারণে উক্ত আপীল খারিজ করে দেন। রীট পিটিশনের রায় বাস্তবায়ন না করায় মামলার বাদী কর্তৃক কনটেম্পট পিটিশন নং-৪১৯/২০১৭ দায়ের করা হয়। উক্ত কনটেম্পট পিটিশনে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং প্রতিপক্ষ, প্রধান প্রকৌশলী, এলজিইডি ২নং প্রতিপক্ষভুক্ত করা হয়েছে। উক্ত কনটেম্পট পিটিশনে হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত ০১-০৮-২০১২ খ্রিঃ তারিখের রায় বাস্তবায়ন না করার কারণে কেন আদালত অবমাননার কার্যক্রম গ্রহণ করা হবে না সে মর্মে কারণ দর্শানোর আদেশ দেয়া হয়েছে।

০২। বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৭১১৬/২০১১ মামলার রায় হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-৪১৯/২০১৭ মোকদ্দমার এর আদেশের বিষয়ে ইতোমধ্যে কী কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা উল্লেখপূর্বক একটি প্রতিবেদন অতি সঙ্কর এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অতিব জরুরি।

সংযুক্ত : আদেশের কপি -----ফর্দ।


(মুহাম্মদ আলোয়ার পাশা)
উপসচিব
৯৫৪০৯৯৫

E mail: dslaw1.lgd.gov@gmail.com

প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার, প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ -

- ১। যুগ্মসচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- ২। উপসচিব (উন্নয়ন-১) শাখা, স্থানীয় সরকার বিভাগ (জরুরীভিত্তিতে প্রতিবেদন সংগ্রহের জন্য অনুরোধ করা হল)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ৫। অফিস কপি/মাষ্টার কপি।